আলমডাঙ্গায় ইউপি মেম্বার অ্যাসোসিয়েশনের কমিটি গঠন

আলমডাঙ্গা উপজেলা ইউনিয়ন পরিষদ মেম্বার এসোসিয়েশনের কমিটি গঠন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০ টায় থানাপাড়া কমিউনিটি সেন্টারে এ আলোচনা সভায় সভাপতিত্ব করেন ডাউকি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান লাবলুর রহমান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য মজনুর রহমান জান্টু।

বিশেষ অতিথি ছিলেন, বেলগাছি ইউনিয়ন পরিষদের সদস্য শামীম রেজা, নাগদাহ ইউনিয়ন পরিষদের সদস্য রনি আহমেদ। আইলহাঁস ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান লিটন মোল্লার পরিচালনায় বক্তব্য রাখেন নাগদাহ ইউনিয়ন পরিষদের সদস্য বাদল রশিদ, জেহালা ইউনিয়ন পরিষদের সদস্য আনারুল ইসলাম, জেহালা ইউনিয়ন পরিষদের সদস্য হাসেম আলী, খাদিমপুর ইউনিয়ন পরিষদের সদস্য শাহাবুল ইসলাম, জামজামী ইউনিয়ন পরিষদের সদস্য মাহবুবুল হক, বেলগাছি ইউনিয়ন পরিষদের সদস্য শাহাদাত হোসেন, জামজামী ইউনিয়ন পরিষদের সদস্য রাশেদুজ্জামান রাজিব।

সভা শেষে সর্বসম্মতিক্রমে জেলা পরিষদের সদস্য মজনুর রহমান জান্টুকে আহবায়ক ও ডাউকি ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান লাভলুর রহমান ও বেলগাছি ইউনিয়ন পরিষদের সদস্য শামীম রেজাকে যুগ্ন আহবায়ক করে ৩১ সদস্য বিশিষ্ট আলমডাঙ্গা উপজেলা ইউনিয়ন পরিষদ মেম্বার অ্যাসোসিয়েশনের কমিটি গঠন করা হয়। অবশিষ্ট কমিটির নাম পরবর্তীতে ঘোষণা করা হবে।